



পল্লী সঞ্চয় ব্যাংক

প্রধান কার্যালয়

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল: ৭-১০)

৩৭/৩/এ, ইন্সটান গার্ডেন রোড, ঢাকা-১০০০

www.pallisanchaybank.gov.bd

তারিখ: ২৭/০৮/২০২৫ খ্রি.

অভিনন্দন বার্তা

২৫ আগস্ট ২০২৫ তারিখ, সোমবার পল্লী সঞ্চয় ব্যাংকের চেয়ারম্যান হিসেবে সাবেক সচিব মো: আব্দুল খালেক তিন (০৩) বছরের জন্য নিয়োগ প্রদান করা হয়েছে। বিসিএস প্রশাসন ক্যাডারের ৮৪ ব্যাচের এই কর্মকর্তা তার বর্ণাঢ্য কর্মজীবনে বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন।

তিনি ঢাকা জেলার অতিরিক্ত জেলা প্রশাসক এবং চাঁদপুর ও যশোরে জেলা প্রশাসক হিসেবে সাফল্যের সাথে দায়িত্ব পালন করেছেন। এছাড়াও, শিক্ষা, ভূমি, স্থানীয় সরকার এবং বিদ্যুৎ ও জ্বালানি মন্ত্রণালয়সহ বিভিন্ন মন্ত্রণালয়ে তার গুরুত্বপূর্ণ অবদান রয়েছে। বর্তমানে তিনি অফিসার্স ক্লাব, ঢাকার ট্রেজারার হিসেবেও দায়িত্ব পালন করছেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগ থেকে এলএলবি (অনার্স) এবং এলএলএম ডিগ্রি অর্জনের পর তিনি বেলজিয়ামের **Antwerp** ইউনিভার্সিটি থেকে মাস্টার্স ডিগ্রি লাভ করেন। এছাড়া, তিনি যুক্তরাষ্ট্রের ডিউক ইউনিভার্সিটি থেকে ডিপ্লোমা এবং যুক্তরাজ্যের **Bradford** ইউনিভার্সিটি থেকে '**Strengthening Program**' এ প্রশিক্ষণ গ্রহণ করেন।

ব্যক্তিগত জীবনে মো: আব্দুল খালেক তিন সন্তানের জনক। তিনি নেত্রকোণা জেলার বারহাটা উপজেলার এক সম্মত মুসলিম পরিবারের সন্তান। পেশাগত দায়িত্ব ও জ্ঞান অর্জনের জন্য তিনি যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, ইতালি, ফ্রান্স, অস্ট্রেলিয়া, চীন, জাপানসহ বিশ্বের বিভিন্ন দেশ ভ্রমণ করেছেন। জনাব মো: আব্দুল খালেক তার কৃতিত্বপূর্ণ শিক্ষাজীবন ও বৈচিত্র্যময় কর্মজীবনের অভিজ্ঞতার আলোকে পল্লী সঞ্চয় ব্যাংকের অগ্রযাত্রায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবেন বলে আমরা আশাবাদী। তার সুযোগ্য তত্ত্বাবধানে পল্লী সঞ্চয় ব্যাংক সকল বাধা অতিক্রম করে বাংলাদেশের ব্যাংকিং সেক্টরে একটি অনন্য দৃষ্টান্ত স্থাপন করবে বলে আমরা বিশ্বাস করি।

পল্লী সঞ্চয় ব্যাংকের নবনিযুক্ত চেয়ারম্যান হিসেবে জনাব মো: আব্দুল খালেক স্যারকে পেয়ে আমরা গর্বিত। তাঁকে জানাই আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন।